# জাতীয় কৃষি আবহাওয়া পরামর্শ সেবা বুলেটিন

**06 অক্টোবর 2021** (বুধবার)

[**সময়কালঃ 06.10.2021- 10.10.2021**]



ডিসক্লেইমার

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

যোগাযোগের ঠিকানাঃ ফারহানা হক, সবুজ রায়
ই-মেইলঃ pdamisdp@dae.gov.bd
ফোনঃ ০২-৫৫০২৮৪১৪, ০২-৫৫০২৮৪১৮

## <u>মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ</u>

**করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ:**
করোনা ভাইরাসের সংক্রমণ থেকে রক্ষার জন্য ফসল সংগ্রহ বা ব্যবস্থাপনার সময় সামাজিক দূরত্ব বজায় রাখুন, মুখে মাস্ক ব্যবহার করুন এবং বাংলাদেশ সরকারের অন্যান্য দিক নির্দেশনা মেনে চলুন।

**আবহাওয়া পরিস্থিতি ও কৃষি আবহাওয়া পরামর্শ:**
মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ রাজস্থান, উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর কম সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে দুর্বল থেকে মাঝারি অবস্থায় বিরাজ করছে।
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় রংপুর ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, সিলেট, খুলনা ও বরিশাল বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।
সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।
পরবর্তী ৭২ ঘণ্টায় আবহাওয়ার উল্লেখযোগ্য পরিবর্তনের সম্ভাবনা নেই।
**মধ্যমেয়াদি পূর্বাভাস অনুযায়ী আগামী পাঁচ দিনে দেশের অধিকাংশ জেলায় তেমন বৃষ্টিপাতের সম্ভাবনা নেই।** তবে গত পাঁচ দিনে দেশের অধিকাংশ জেলায় প্রচুর বৃষ্টিপাত হয়েছে।

এই পরিস্থিতিতে নিম্নলিখিত কৃষি আবহাওয়া পরামর্শ প্রদান করা হলো।

আউশ:

- ফসল সংগ্রহের ১৫ দিন আগে জমি থেকে পানি নিষ্কাশন করে ফেলুন।
- রৌদ্রজ্জ্বল দিনে পরিপক্ক ফসল সংগ্রহ করে নিরাপদ জায়গায় রাখুন।

আমন ধান:

- জমিতে প্রয়োজনীয় পানির স্তর বজায় রাখুন।
- মাজরা পোকার আক্রমণ দেখা দিলে নিয়ন্ত্রণের জন্য বিঘাপ্রতি ১৮০-১৯০ গ্রাম কার্টাপ গ্রুপের অথবা ১০ গ্রাম থায়ামেথোক্সাম+ক্লোরানট্রানিলিপ্রোল গ্রুপের কীটনাশক প্রয়োগ করুন।
- খোল পোড়া রোগ দমনের জন্য পটাশ সার সমান দু' কিস্তিতে ভাগ করে এক ভাগ জমি প্রস্তুতির শেষ চাষে এবং অন্য ভাগ ইউরিয়া সারের শেষ কিস্তির সংগে মিশিয়ে প্রয়োগ করতে হবে। পর্যায়ক্রমে ভেজা ও শুকনা পদ্ধতিতে সেচ ব্যবস্থাপনা অনুসরণ করুন। সফলভাবে রোগ দমনের জন্য অনুমোদিত মাত্রায় ছত্রাকনাশক ব্যবহার করুন।
- ব্যাকটেরিয়াল ব্লাইট দেখা দিলে রোগের প্রাথমিক অবস্থায় ৬০ গ্রাম এমওপি, ৬০ গ্রাম থিওভিট ১০ লিটার পানিতে মিশিয়ে ৫ শতাংশ জমিতে প্রয়োগ করুন। থোড় বের হওয়ার আগে রোগ দেখা দিলে বিঘাপ্রতি ৫ কেজি পটাশ সার উপরিপ্রয়োগ করতে হবে।
- শিশির বা গুঁড়ি গুঁড়ি বৃষ্টি ব্লাস্ট রোগের জন্য অনুকূল। এ ধরণের আবহাওয়ায় থোড় ফেটে শীষ বের হওয়ার সময় একবার এবং এর ৫-৭ দিন পর আরেকবার প্রতি বিঘা জমিতে ৫৪ গ্রাম ট্রুপার ৭৫ ডব্লিউপি/দিফা ৭৫ ডব্লিউপি/ জিল ৭৫ ডব্লিউপি অথবা ৩৩ গ্রাম নাটিভো ৭৫ ডব্লিউজি অথবা ট্রাইসাইক্লাজল/স্ট্রবিন গ্রুপের অনুমোদিত ছত্রাকনাশক অনুমোদিত মাত্রায় ৬৭ লিটার পানিতে ভালভাবে মিশিয়ে শেষ বিকালে স্প্রে করতে হবে।
- পাতা মোড়ানো পোকার আক্রমণ দেখা দিলে নিয়ন্ত্রণের জন্য বিঘাপ্রতি ১৮০-১৯০ গ্রাম কার্টাপ গ্রুপের অথবা ১০ গ্রাম থায়ামেথোক্সাম+ক্লোরানট্রানিলিপ্রোল গ্রুপের কীটনাশক প্রয়োগ করুন।
- পোকা নিয়ন্ত্রণের জন্য আলোক ফাঁদ ব্যবহার করুন।

আখ:

- আখের কান্ডের লালপচা (রেড রট) রোগের আক্রমণ হতে পারে। রোগ দেখা মাত্রই জমি থেকে আক্রান্ত গাছ ঝাড়সহ তুলে ফেলতে হবে।
- আখের কান্ডের মাজরা পোকা দমনের জন্য আখের গোড়ার মাটি কোদাল দিয়ে উঠিয়ে দিন। পুরানো শুকনো পাতাগুলো গাছ থেকে ছাড়িয়ে জড়ো করে পুড়িয়ে অথবা মাটির নীচে পুতে ধ্বংস করতে হবে। আক্রান্ত জমিতে ডিম্ব পরজীবী বোলতা ট্রাইকোগ্রামা কাইলোনিস প্রতি সপ্তাহে হেক্টর প্রতি এক গ্রাম পরিমাণ (আনুমানিক ৫০,০০০ টি ) অবমুক্ত করতে হবে। কীটনাশকের সাহায্যে কান্ডের মাজরা পোকা দমনের জন্য অনুমোদিত মাত্রায় ভিরতাকো ৪০ ডব্লিউজি (থায়ামেথোক্সাম + ক্লোরানট্রানিলিপ্রোল) আক্রান্ত আখের ঝাড়ে ভালোভাবে স্প্রে করুন অথবা কারটাপ জাতীয় দানাদার কীটনাশক যেমন- নকোটাপ ৬জি আখের সারির উভয় পাশে অগভীর নালা কেটে নালায় ছিটিয়ে প্রয়োগ করার পর মাটি দিয়ে ঢেকে দিন অথবা গাছের গোড়ায় ছিটিয়ে দিন।
- জমিতে অতিরিক্ত পানি জমে থাকলে নিষ্কাশন করুন।

সবজি:

- বেগুনে ডগা ও ফল ছিদ্রকারী পোকার আক্রমণ দেখা দিলে কীড়াসহ আক্রান্ত ডগা কেটে ধ্বংস করুন। ফেরোমন ফাঁদ ব্যবহার করে পোকার বংশবৃদ্ধি অনেকটা কমিয়ে আনা সম্ভব। একান্ত প্রয়োজনে কেবল মাত্র পরিমিত মাত্রায় নির্দিষ্ট ক্ষমতা সম্পন্ন রাসায়নিক কীটনাশক অথবা স্থানীয়ভাবে সুপারিশকৃত জৈব কীটনাশক ব্যবহার করুন।
- কুমড়া জাতীয় সবজির হস্ত পরাগায়নের ব্যবস্থা নিন। বিটল পোকা দেখা দিলে সকাল-বিকাল হাত দিয়ে মেরে ফেলুন।
- কুমড়া জাতীয় সবজিতে মাছি পোকার আক্রমণ দেখা দিলে ফেরোমন ও বিষটোপ ফাঁদের যৌথ ব্যবহার করুন। আলফা সাইপারমেথ্রিন গ্রুপের বালাইনাশক ব্যবহার করা যেতে পারে।
- মরিচে মাকড় আক্রমণ করলে এক কেজি আধা ভাঙা নিম বীজ ২০ লিটার পানিতে ২৪ ঘণ্টা ভিজিয়ে রেখে উক্ত পানি (ছেকে নেওয়ার পর) পাতার নীচের দিকে স্প্রে করুন। আক্রমণ বেশি হলে মাকড়নাশক ওমাইট ৫৭ইসি প্রতি লিটার পানিতে ২.০ মিলি হারে বা ভার্টিমেক ১.৮ইসি প্রতি ১০ লিটার পানিতে ১২ মিলি হারে পাতা ভিজিয়ে স্প্রে করুন।
- জমিতে অতিরিক্ত পানি জমে থাকলে নিষ্কাশন করুন।

উদ্যান ফসল:

- নারিকেল গাছে মাকড়ের আক্রমণ দেখা দিলে আক্রান্ত গাছের সকল কচি ডাব কেটে নামিয়ে পুড়িয়ে ফেলতে হবে। তারপর আক্রান্ত গাছ এবং আশে পাশের কম বয়সী গাছে যে কোন মাকড় নাশক যেমন ওমাইট ৫৭ ইসি ১.৫ মিলি এক লিটার পানিতে মিশিয়ে স্প্রে করতে হবে।
- কলাগাছের পাতায় সিগাটোকা রোগের লক্ষণ দেখা দিলে প্রতি লিটার পানিতে ০.৫ মিলি স্কোর অথবা ২ গ্রাম নোইন বা ব্যাভিস্টিন অথবা ০.১ মিলি একোনাজল/ফলিকোর মিশিয়ে ১৫-২০ দিন অন্তর ২-৩ বার স্প্রে করতে হবে।
- কলার বিটল পোকার আক্রমণ দেখা দিলে আইসোপ্রোকার্ব (এমআইপিসি) গ্রুপের বালাইনাশক প্রয়োগ করুন।
- পেঁপে গাছে মিলি বাগের আক্রমণ দেখা দিলে আক্রমণের প্রথম দিকে পোকাসহ আক্রান্ত পাতা/কান্ড সংগ্রহ করে ধ্বংস করে ফেলতে হবে। আক্রমণ বেশি হলে প্রতি লিটার পানিতে ৫ গ্রাম সাবান পানি অথবা এডমায়ার ২০০ এমএল ০.২৫ মিলি হারে মিশিয়ে ১৫ দিন পর পর ২-৩ বার স্প্রে করতে হবে।
- জমিতে অতিরিক্ত পানি জমে থাকলে নিষ্কাশন করুন।

গবাদি পশু:

- গবাদি পশুকে খড়ের সাথে কাঁচা ঘাস ও হাতে তৈরি দানাদার খাদ্য দিতে হবে।
- রোগ প্রতিরোধে গবাদি পশুকে নিয়মিত টীকা দিন।
- গবাদি পশুর ঘর শুকনা ও পরিষ্কার রাখুন। ঘরে মশারী বা মাটির পাত্রে কয়েল ব্যবহার করুন।
- চারপাশের দুর্গন্ধ দূর করতে পটাশিয়াম পারম্যাঙ্গানেট দ্রবণ ছিটিয়ে দিন।

হাঁস মুরগী:

- রোগ প্রতিরোধে হাঁস মুরগীকে নিয়মিত টীকা দিন।
- হাঁসমুরগীর ঘর শুকনা ও পরিষ্কার রাখুন। ঘরে মশারী বা মাটির পাত্রে কয়েল ব্যবহার করুন।
- চারপাশের দুর্গন্ধ দূর করতে পটাশিয়াম পারম্যাঙ্গানেট দ্রবণ ছিটিয়ে দিন।

মৎস্য:

- জলাশয়ে চাষকৃত বড় আকৃতির আহরণযোগ্য মাছ বাজারজাত করুন।
- একই প্রজাতির বড় আকারের (৬-৮ কেজি) আহরণকৃত মাছের ২০% বেশি পোনা মাছ পুনমজুদ করুন।

# দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি

**গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (০৬ অক্টোবর ২০২১, সকাল ০৬টা পর্যন্ত) এবং ০৫ অক্টোবর ২০২১ এ সর্বোচ্চ তাপমাত্রা, ০৬ অক্টোবর ২০২১ এ সর্বোনিম্ন তাপমাত্রা নিচে দেওয়া হলো:**

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ১৫ | ৩২.৬ | ২৫.৬ | রাজশাহী | রাজশাহী | ০০ | ৩৪.১ | ২৬.২ |
| | টাঙ্গাইল | ০৩ | ৩১.৫ | ২৪.০ | | ঈশ্বরদী | ০০ | ৩৪.০ | ২৬.৩ |
| | ফরিদপুর | ১৩ | ৩২.৪ | ২৬.০ | | বগুড়া | ০০ | ৩৩.৪ | ২৬.০ |
| | মাদারীপুর | ০৩ | ৩৩.৬ | ২৫.৮ | | বদলগাছী | ০০ | ৩১.৫ | ২৫.৪ |
| | গোপালগঞ্জ | সামান্য | ৩৩.১ | ২৫.৬ | | তাড়াশ | ০৯ | ৩৩.৭ | ২৫.৮ |
| | নিকলি | ৩৬ | ২৮.৭ | ২৪.৫ | | | | | |
| | | | | | রংপুর | রংপুর | ০২ | ৩০.২ | ২৫.৩ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ০০ | ৩০.৩ | ২৫.৩ | | দিনাজপুর | ৭১ | ২৭.৭ | ২৪.১ |
| | নেত্রকোনা | সামান্য | ২৯.০ | ২৪.৯ | | সৈয়দপুর | ১১ | ৩০.০ | ২৫.৬ |
| | | | | | | তেঁতুলিয়া | ০০ | ৩১.২ | ২৪.৮ |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ০০ | ৩৩.৮ | ২৬.২ | | ডিমলা | ০০ | ৩০.১ | ২৪.০ |
| | সন্দ্বীপ | XX | ৩৩.১ | XX | | রাজারহাট | ০১ | ২৯.৬ | ২৪.৪ |
| | সীতাকুন্ড | ০০ | ৩৩.৮ | ২৫.০ | | | | | |
| | রাঙ্গামাটি | ০০ | ৩৩.৫ | ২৫.৫ | খুলনা | খুলনা | ০০ | ৩৪.৫ | ২৬.৫ |
| | কুমিল্লা | ১৬ | ২৯.৭ | ২৫.১ | | মংলা | ০০ | ৩৪.০ | ২৬.২ |
| | চাঁদপুর | ০৪ | ৩২.১ | ২৬.৫ | | সাতক্ষীরা | ০০ | ৩৩.৮ | ২৭.৫ |
| | মাইজদীকোর্ট | ০১ | ৩৩.৬ | ২৬.৭ | | যশোর | সামান্য | ৩৫.০ | ২৬.২ |
| | ফেনী | ০০ | ৩৪.০ | ২৬.০ | | চুয়াডাঙ্গা | সামান্য | ৩৪.৫ | ২৬.০ |
| | হাতিয়া | ০০ | ৩২.০ | ২৬.১ | | কুমারখালী | ০০ | ৩৩.৫ | ২৬.০ |
| | কক্সবাজার | ০১ | ৩১.৮ | ২৬.৫ | | | | | |
| | কুতুবদিয়া | ১২ | ৩২.২ | ২৬.০ | বরিশাল | বরিশাল | ৩৫ | ৩৪.৩ | ২৫.৭ |
| | টেকনাফ | ০০ | ৩২.০ | ২৫.২ | | পটুয়াখালী | ০০ | ৩৪.০ | ২৬.৫ |
| | | | | | | খেপুপাড়া | ০০ | ৩৪.০ | ২৬.২ |
| সিলেট | সিলেট | ২১ | ২৯.৩ | ২৫.০ | | ভোলা | ০৪ | ৩৩.৬ | ২৬.০ |
| | শ্রীমঙ্গল | ১৯ | ২৯.৫ | ২৪.৭ | | | | | |


**প্রধান বৈশিষ্ট্য সমূহঃ-:**


- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্জ্বল সূর্যকিরণ কালের গড় ৫.৬৮ ঘন্টা ছিল ।
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ৩.৩৯ মিঃ মিঃ ছিল।

## সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ


**পূর্বাভাসঃ** রংপুর ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, সিলেট, খুলনা ও বরিশাল বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।
**তাপমাত্রাঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে ।


## সপ্তাহের শেষে (০৫ অক্টোবর ২০২০ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন








Maximum Temperature (°C)
(29/09/2021 - 05/10/2021)
30 31 32 33 34 35
(°C)
Anomaly MaximumTemperature (°C)
(29/09/2021 - 05/10/2021)
-2 0 2
(°C)
Minimum Temperature (°C)
(29/09/2021 - 05/10/2021)
24 25 26 27
(°C)
Anomaly Minimum Temperature (°C)
(29/09/2021 - 05/10/2021)
-1 0 1 2
(°C)



Diurnal Temperature (°C)
(29/09/2021 - 05/10/2021)
(°C)
5 6 7 8 9


Anomaly Diurnal Temperature (°C)
(29/09/2021 - 05/10/2021)
(°C)
-4 2 0 2


Maximum Humidity (%)
(29/09/2021 - 05/10/2021)
(%)
90 92 94 96 98


Minimum Humidity (%)
(29/09/2021 - 05/10/2021)
(%)
53 60 67 74 82




## আবহাওয়া পূর্বাভাস


### আবহাওয়া পূর্বাভাস ০৩/১০/২০২১ হতে ০৯/১০/২০২১ তারিখ পর্যন্ত:


এ সপ্তাহে দৈনিক উজ্জ্বল সূর্য কিরণ কাল ৪.০০ থেকে ৫.০০ ঘন্টার মধ্যে থাকতে পারে ।


এ সপ্তাহের বাষ্পীভবনের দৈনিক গড় ৩.০০ মিঃ মিঃ থেকে ৪.০০ মিঃ মিঃ থাকতে পারে।


- এ সময়ের প্রথমার্ধে রাজশাহী, রংপুর, সিলেট ও ময়মনসিংহ বিভাগের অনেক স্থানে, ঢাকা বিভাগের কিছু কিছু স্থানে এবং খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দুই এক স্থানে অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা (০৪-১০মি.মি/প্রতিদিন) থেকে মাঝারি ধরণের (১১-২২মি.মি/প্রতিদিন) বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি.মি/প্রতিদিন) থেকে ভারী (৪৪-৮৮মি.মি/প্রতিদিন) বৃষ্টিপাতের সম্ভবনা রয়েছে।
- এ সময়ের দ্বিতীয়ার্ধে ঢাকা, রাজশাহী, রংপুর ও ময়মনসিংহ বিভাগের কিছু কিছু স্থানে এবং খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দুই এক স্থানে অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা (০৪-১০মি.মি/প্রতিদিন) থেকে মাঝারি ধরণের (১১-২২মি.মি/প্রতিদিন) বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।
- এ সময়ের প্রথমার্ধে সারা দেশের দিন ও রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং দ্বিতীয়ার্ধে সামান্য বাড়তে পারে।


### আগামী ৫ দিনের জেলাওয়ারী পরিমানগত আবহাওয়া পূর্বাভাস (০৬ অক্টোবর হতে ১০ অক্টোবর ২০২১ পর্যন্ত)



Accumulated Rainfall (mm)
(06/10/2021 - 10/10/2021)
(mm)
No Rain/Trace 1 20 41



Maximum Temperature (°C)
(06/10/2021 - 10/10/2021)
(°C)
31 32 33 34


Minimum Temperature (°C)
(06/10/2021 - 10/10/2021)
(°C)
23 24 25 26


Maximum Humidity (%)
(06/10/2021 - 10/10/2021)
(%)
67 74 81 88 94



Minimum Humidity (%)
(06/10/2021 - 10/10/2021)
(%)
64 69 73 77 82


Diurnal Temperature (°C)
(06/10/2021 - 10/10/2021)
(°C)
6 7 8 9 10



Wind Speed (knots)
(06/10/2021 - 10/10/2021)
(knots)
1 2 3 4

# বাংলাদেশের উপর বিভিন্ন উপগ্রহ **থেকে প্রাপ্ত তথ্য:**


NOAA/VIIRS BLENDED NDVI composite for the week No. 38 (17 September-23 September) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED VCI composite for the week No. 38 (17 September-23 September) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED TCI composite for the week No. 38 (17 September-23 September) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED VHI composite for the week No. 38 (17 September-23 September) over Agricultural regions of Bangladesh

